ছাত্রলীগের বিরুদ্ধে মেহেরপুরে ছাত্রদলের মোটরসাইকেল শোডাউন

নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের বিরুদ্ধে মোটরসাইকেল শোডাউন ও পথসভার আয়োজন করা হয়েছে।

রোববার বিকেলে জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানির নেতৃত্বে শোডাউনটি অনুষ্ঠিত হয়।

মোটরসাইকেল শোডাউনটি মেহেরপুর জেলা বিএনপির কার্যালয় প্রাঙ্গণ থেকে শুরু হয়ে হোটেল বাজার মোড়, কলেজ মোড় ও হাসপাতাল মোড় প্রদক্ষিণ করে মেহেরপুর বড়বাজারে গিয়ে শেষ হয়। পরে সেখানে একটি সংক্ষিপ্ত পথসভা অনুষ্ঠিত হয়।

শোডাউনে উপস্থিত ছিলেন জেলা যুবদলের সদস্য মনিরুল ইসলাম মনি, জেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য হাসান, পৌর ছাত্রদলের নেতা রাব্বি, আমঝুপি ইউনিয়ন ছাত্রদল নেতা সুইম, বুড়িপোতা ইউনিয়ন ছাত্রদল নেতা সাজ্জাদসহ ছাত্রদল ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।

দর্শনায় যুবদল ও ছাত্রদলের বিক্ষোভ মিছিল ও সমাবেশ

নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের নৈরাজ্যের প্রতিবাদে চুয়াডাঙ্গার দর্শনায় যুবদল ও ছাত্রদলের যৌথ উদ্যোগে এক বিশাল বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। সারাদেশে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে দর্শনায় শনিবার রাত সাড়ে ৮টার দিকে চুয়াডাঙ্গা জেলা যুবদলের নির্বাহী সদস্য ও যুবদলের অন্যতম নেতা রকিবুল হাসান ব্রাইটের নেতৃত্বে এই কর্মসূচির আয়োজন করা হয়।

বিক্ষোভ মিছিলটি দর্শনা রেলইয়ার্ড চত্বর থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। পরে দর্শনা প্রেসক্লাবের সামনে পৌঁছে সংক্ষিপ্ত সমাবেশের মাধ্যমে মিছিলটি শেষ হয়।

সমাবেশে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলা যুবদলের নির্বাহী সদস্য রকিবুল হাসান ব্রাইট। এ সময় তিনি বলেন,

“বিগত দিনে বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল ও ছাত্রদল দর্শনায় প্রকাশ্যে জনসম্মুখে বুক ফুলিয়ে মিছিল-মিটিং করেছে। নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগ ও যুবলীগের যদি সৎ সাহস থাকে, তবে তারা প্রকাশ্যে মাঠে এসে দেখাক। অযথা ঘোলা পানিতে মাছ শিকারের চেষ্টা করে কোনো লাভ হবে না। যদি কোনো ধরনের নৈরাজ্য সৃষ্টির চেষ্টা করা হয়, তবে তার দাঁতভাঙা জবাব দেওয়ার জন্য যুবদল ও ছাত্রদল রাজপথে সর্বদা প্রস্তুত রয়েছে।”

মিছিল ও প্রতিবাদ সমাবেশে যুবদল, স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের বিপুলসংখ্যক নেতাকর্মী অংশ নেন।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুবদলের সদস্য মিতুল মিয়া, সুলতান, শাহাবুদ্দিন, দর্শনা পৌর যুবদলের সদস্য হারেজ উদ্দিন, যুবদল নেতা মমিন, মিতু, রকি, জাবেদ, চঞ্চল, রনি, মদন মণ্ডল, সাগর, সোহাগ, ইউনুস, অনিক, সাজু ও মনির। দর্শনা পৌর স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আব্দুল মান্নান মাস্টার, সদস্যসচিব রাশিদুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক সানোয়ার হোসেন এবং যুগ্ম আহ্বায়ক আবু সাঈদ রতন। জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক জাকির হোসেন, থানা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক রিয়েল ইসলাম লিওন, যুগ্ম সম্পাদক সামাউল হাসান, আরিফ হোসেন, কলেজ ছাত্রদলের সভাপতি মোফাজ্জল হোসেন মোফা, সাধারণ সম্পাদক পলাশ আহমেদ, সিনিয়র সহ-সভাপতি শোয়েব আহমেদ, দর্শনা পৌর ছাত্রদলের হাসিবুল ইসলাম, শান্ত আহমেদ, ১ নম্বর সদস্য আরিফ খান, মামুন, খালিদ, সাইফুল্লাহ এবং ছাত্রনেতা আমিন, ইমন, আল-আমিন, শরিফ, সবুজসহ স্থানীয় অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

ঝিনাইদহে ছাত্রদলের মামলায়

এনসিপি নেতা তারেক রেজা গ্রেপ্তার

ঝিনাইদহে এনসিপির কেন্দ্রীয় যুগ্ম সদস্য সচিব তারেক রেজাকে গ্রেপ্তার করেছে পুলিশ। জেলা ছাত্রদলের সাবেক সহ-সভাপতি এনামুল কবিরের দায়ের করা হামলা ও হত্যার হুমকির মামলায় তাকে গ্রেপ্তার করা হয়।

গতকাল রোববার সন্ধ্যা সাড়ে ৬টার দিকে ঝিনাইদহ স্টেডিয়ামসংলগ্ন ফ্যামিলি জোন মিলনায়তনের সামনে থেকে সদর থানা পুলিশের একটি টিম তাকে গ্রেপ্তার করে।

জানা গেছে, এনসিপি নেতা তারেক রেজা ওই দিন সন্ধ্যায় ফ্যামিলি জোন মিলনায়তনে জরুরি সংবাদ সম্মেলনের আয়োজন করেছিলেন। সেখানে পৌঁছানোর পরপরই পুলিশ তাকে আটক করে। এ সময় ঝিনাইদহ সদর থানার ওসি মো. আসাদুজ্জামান, সাদা পোশাকের পুলিশ সদস্য ও গোয়েন্দা সংস্থার সদস্যরা উপস্থিত ছিলেন।

সদর থানার ওসি মো. আসাদুজ্জামান জানান, হামলা, ভাঙচুর ও হত্যার হুমকির অভিযোগে শনিবার তারেক রেজাসহ কয়েকজনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়। সেই মামলায় তাকে গ্রেপ্তার করা হয়েছে। অন্য আসামিদের গ্রেপ্তারে অভিযান চলছে।

প্রসঙ্গত, গত ২২ মে ঝিনাইদহ সফরে আসেন এনসিপির মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটোয়ারী। ওই দিন জুমার নামাজের পর স্থানীয় ছাত্রদল ও এনসিপির নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষ, ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনা ঘটে।

এ ঘটনায় তারেক রেজা বাদী হয়ে ছাত্রদলের স্থানীয় আট নেতাকর্মীর বিরুদ্ধে মামলা করেন। পরদিন জেলা ছাত্রদলের সাবেক সহ-সভাপতি এনামুল কবির তারেক রেজাসহ ২২ জনকে আসামি করে পাল্টা মামলা দায়ের করেন। সেই মামলায় রোববার সন্ধ্যায় তারেক রেজাকে গ্রেপ্তার করা হয়।

মেহেরপুরে শিশু রামিসার প্রতি শ্রদ্ধা জানিয়ে ছাত্রদলের নীরবতা পালন

মেহেরপুর সদর উপজেলা ছাত্রদলের উদ্যোগে শিশু রামিসার প্রতি শ্রদ্ধা জানানো এবং ন্যায়বিচারের দাবিতে এক মিনিট নীরবতা পালন করা হয়েছে।

অনুষ্ঠানে উপস্থিত নেতৃবৃন্দ শিশু রামিসার মৃত্যু/ঘটনার সুষ্ঠু তদন্ত ও দ্রুত ন্যায়বিচারের দাবি জানান। তারা বলেন, এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে দোষীদের দ্রুত আইনের আওতায় আনতে হবে।

এ সময় উপস্থিত ছিলেন সদর উপজেলা ছাত্রদল নেতা লাবলু মিয়া, পৌর ছাত্রদল নেতা মোঃ নাসিম রানা বাঁধন ও শেখ আবিশেখ বাপ্পি। এছাড়া পিরোজপুর ইউনিয়ন ছাত্রদল নেতা আরাফাত, ইমন, সাজু প্রমুখ উপস্থিত ছিলেন।

প্রতিবাদে ঝিনাইদহ থানা ঘেরাও করে ছাত্রদলের বিক্ষোভ

ঝিনাইদহে এনসিপির মুখ্য সংগঠক নাসির উদ্দীন পাটোয়ারীর ওপর হামলা, ডিম ও ইট-পাটকেল নিক্ষেপের ঘটনায় অবশেষে থানায় মামলা দায়ের করা হয়েছে।

গতকাল শুক্রবার রাতে এনসিপির কেন্দ্রীয় কমিটির যুগ্ম সদস্য সচিব তারেক রেজা বাদী হয়ে ৮ ছাত্রদল নেতার নাম উল্লেখ করে ঝিনাইদহ সদর থানায় মামলাটি দায়ের করেন। এছাড়াও মামলায় অজ্ঞাতনামা আরও ১১০ থেকে ১১৫ জনকে আসামি করা হয়েছে।

মামলার প্রধান আসামি করা হয়েছে ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের আহ্বায়ক শাহেদ আহম্মেদকে। এছাড়া জেলা ছাত্রদলের সভাপতি

ইমরান হোসেন, সাবেক সভাপতি এসএম সমিনুজ্জামান সমিন, সাধারণ সম্পাদক শাহরিয়ার রাসেল, সাবেক সহ-সভাপতি নয়ন হাওলাদার, পৌর ছাত্রদলের সভাপতি মোবারেক হোসেন ইমন, সাবেক যুগ্ম সম্পাদক হাদুসহ মোট ৮ জনের নাম উল্লেখ করা হয়েছে।

এজাহারে উল্লেখ করা হয়, শুক্রবার জুমার নামাজ শেষে ঝিনাইদহ শহরের পুরাতন ডিসি কোর্ট জামে মসজিদ থেকে বের হওয়ার সময় এনসিপির কেন্দ্রীয় মুখ্য সমন্বয়কারী নাসির উদ্দীন পাটোয়ারীসহ নেতাকর্মীদের ওপর অতর্কিত হামলা চালানো হয়।

এ সময় হামলাকারীরা ঘুষি, ইট-পাটকেল, জিআই পাইপ, বেসবল ব্যাট ও ধারালো অস্ত্র নিয়ে হামলা চালায় বলে অভিযোগ করা হয়।

হামলায় নাসির উদ্দীন পাটোয়ারী, তানাইম, আসিফ, আলামিন, হাসিবুর রহমান, নাহিয়ান খান নিয়াজ ও অয়ন রহমান খানসহ কয়েকজন আহত হন বলে মামলায় উল্লেখ করা হয়েছে।

এছাড়া হামলার সময় একটি ডিএসএলআর ক্যামেরা, কয়েকটি মোবাইল ফোন ও নগদ টাকা ছিনতাইয়ের অভিযোগও আনা হয়েছে।

ছিনতাই হওয়া মালামালের মধ্যে একটি সনি আলফা এ৬৪০০ ক্যামেরা, ট্যামরন লেন্স ও মেমোরি কার্ড রয়েছে, যার মূল্য প্রায় ১ লাখ ৯০ হাজার টাকা বলে দাবি করা হয়েছে।

মামলায় আরও বলা হয়, হামলার পর স্থানীয় এনসিপি নেতাকর্মী ও সাধারণ মানুষ এগিয়ে এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। যাওয়ার সময় হামলাকারীরা এনসিপির নেতাকর্মীদের হত্যার হুমকি দেয় বলেও অভিযোগ করা হয়েছে।

দীর্ঘ সময় পেরিয়ে গেলেও মামলা গ্রহণ করা হচ্ছিল না বলে এনসিপি নেতাকর্মীরা পুলিশের বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ করে অবস্থান কর্মসূচি শুরু করেন। পরে প্রায় ৭ ঘণ্টা অপেক্ষার পর ঝিনাইদহ সদর থানা মামলাটি রেকর্ড করতে সম্মত হয়।

এদিকে মামলা দায়ের করে ঝিনাইদহ সদর থানা ত্যাগ করার মুহূর্তে বিএনপি, যুবদল ও ছাত্রদলের নেতাকর্মীরা থানার প্রধান গেটে অবস্থান নিয়ে বিক্ষোভ শুরু করেন। এ সময় তারা ছাত্রদল নেতাদের বিরুদ্ধে দায়ের করা মিথ্যা ও হয়রানিমূলক মামলা প্রত্যাহারের দাবি জানান।

এতে থানার ভেতরে নাসির উদ্দীন পাটোয়ারীসহ এনসিপির নেতৃবৃন্দ অবরুদ্ধ হয়ে পড়েন। একপর্যায়ে বিক্ষোভকারীরা থানার গেট খুলে ভেতরে প্রবেশের চেষ্টা করেন। এ সময় বাইরে থেকে ইট-পাটকেল নিক্ষেপ করা হয়। পরে জেলা বিএনপির নেতৃবৃন্দ পরিস্থিতি শান্ত করেন এবং বিক্ষোভকারীদের থানার সামনে থেকে সরিয়ে নেন। এরপর পুলিশ পাহারায় নাসির উদ্দীন পাটোয়ারীসহ নেতাদের নিরাপদে বের করে দেওয়া হয়।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আসাদউজ্জামান বলেন, লিখিত অভিযোগ গ্রহণ করা হয়েছে। বিষয়টি তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। বর্তমানে পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।

ছাত্রদলের নবগঠিত কমিটিকে স্বাগত জানিয়ে ঝিনাইদহে আনন্দ মিছিল

‎ঝিনাইদহ জেলা ছাত্রদলের নবগঠিত কমিটিকে স্বাগত জানিয়ে শহরে আনন্দ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

রোববার বিকাল সাড়ে ৫টায় ঝিনাইদহ শহরের পয়রা চত্ত্বর থেকে আনান্দ মিছিলটি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পায়রা চত্ত্বরে এসে শেষ হয়।

‎জেলা ছাত্রদলের নবগঠিত কমিটির সভাপতি মো. ইমরান হোসেন, সাধারণ সম্পাদক শাহরিয়ার রাসেল ও সাংগঠনিক সম্পাদক মেহেদী হাসান এবং ঝিনাইদহ সরকারি কেসি কলেজ ছাত্রদলের সভাপতি বাবর আলী মাফুজ ও ঝিনাইদহ কলেজ ছাত্রদলের সভাপতি সাকিব হোসেনসহ বিভিন্ন পর্যায়ের বিপুল সংখ্যক নেতাকর্মীরা এসময় আনন্দ মিছিলে যোগ দেন।

‎‎সমাবেশ থেকে বক্তারা কেন্দ্রীয় ছাত্রদলকে ধন্যবাদ জানান এবং আগামী দিনে রাজপথের আন্দোলনে ঐক্যবদ্ধ থাকার প্রত্যয় ব্যক্ত করেন।

‎উল্লেখ্য, এরআগে গত ১২ মে মো. ইমরান হোসেন সভাপতি এবং

শাহরিয়ার রাসেলকে সাধারণ সম্পাদক করে ঝিনাইদহ জেলা ছাত্রদলের নতুন কমিটি ঘোষণা করে ছাত্রদলের কেন্দ্রীয় সংসদ।

মেহেরপুরে নিষিদ্ধ ছাত্রলীগের পোস্টারিংয়ের প্রতিবাদে ছাত্রদলের বিক্ষোভ মিছিল

মেহেরপুরে দিনের আলোতেই নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের পোস্টারিংয়ের অভিযোগকে কেন্দ্র করে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ করেছে ছাত্রদল।

আজ শনিবার রাতে মেহেরপুর সরকারি কলেজ প্রাঙ্গণ থেকে বিক্ষোভ মিছিলটি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা বিএনপির কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়।

বিক্ষোভ মিছিলের নেতৃত্ব দেন মেহেরপুর পৌর ছাত্রদলের সদস্য সচিব জারজিস ইউসুফ রামিক। এসময় নেতাকর্মীরা নিষিদ্ধ ছাত্রলীগের নেতাকর্মীদের দ্রুত গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।

ছাত্রদল নেতারা অভিযোগ করেন, নিষিদ্ধ ঘোষিত মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক কুতুব আহমেদ তার ব্যক্তিগত ফেসবুক আইডিতে একটি ভিডিও পোস্ট করেন। ওই ভিডিওতে তাকে মেহেরপুর সরকারি কলেজ, ডিসি অফিসের সামনে, আদালত গেটসহ বিভিন্ন স্থানে পোস্টার লাগাতে দেখা যায় বলে তারা দাবি করেন।

বিক্ষোভ মিছিলে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌর ছাত্রদল নেতা বাপ্পি ও বাধন, বারাদি ইউনিয়ন ছাত্রদলের সভাপতি আজিজুল হক, সদর উপজেলা ছাত্রদলের নেতা লাভলু, লিমন ও তৌকির, সরকারি কলেজ ছাত্রদলের নেতা মাহফুজ জুবায়েরসহ বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

এসময় বক্তারা বলেন, “নিষিদ্ধ সংগঠনের নেতাকর্মীরা প্রকাশ্যে পোস্টারিং করে আইনশৃঙ্খলা পরিস্থিতি অস্থিতিশীল করার অপচেষ্টা

চালাচ্ছে। দ্রুত তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।”

ঝিনাইদহে ছাত্রদলের পদবঞ্চিত নেতাকর্মীদের বিক্ষোভ মিছিল

কেন্দ্র ঘোষিত ঝিনাইদহ জেলা ছাত্রদলের কমিটিতে পদবঞ্চিত নেতাকর্মীরা বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছেন। এসময় তারা নবঘোষিত কমিটি পুনর্বিবেচনার জোর দাবি জানান।

আজ শনিবার বিকেলে শহরের ওয়াজির আলী হাইস্কুল মাঠ থেকে বিক্ষোভ মিছিল বের হয়। মিছিলে জেলা ছাত্রদলের নবঘোষিত কমিটির সিনিয়র সহ-সভাপতি সাইদুর রহমান শাহেদ, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক বখতিয়ার মাহমুদ, আব্দুস সালাম, কেসি কলেজ ছাত্রদলের সাবেক যুগ্ম আহ্বায়ক শিপন মাহমুদ ও হিমেল আহম্মেদ উপস্থিত ছিলেন।

মিছিলটি শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে। এসময় “আপোষ না সংগ্রাম, সংগ্রাম সংগ্রাম”, “অবৈধ কমিটি মানি না, মানব না” ইত্যাদি স্লোগানে মুখরিত হয়ে ওঠে শহর। পরে মিছিলটি পায়রা চত্বরে গিয়ে সংক্ষিপ্ত সমাবেশে মিলিত হয়।

ছাত্রদল নেতা বখতিয়ার মাহমুদের সঞ্চালনায় সমাবেশে বক্তব্য রাখেন জেলা ছাত্রদলের সদ্য ঘোষিত কমিটির সিনিয়র সহ-সভাপতি সাইদুর রহমান শাহেদ, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুস সালাম প্রমুখ।

এসময় জেলা ছাত্রদলের সাবেক ও বর্তমান কমিটির পদবঞ্চিত নেতাকর্মীরা জানান, সদ্য ঘোষিত কমিটি প্রকাশের পরদিনই তারা নিজেদের ফেসবুক আইডিতে পদত্যাগের ঘোষণা দেন। পদবঞ্চিত নেতারা কেন্দ্র ঘোষিত কমিটি পুনর্বিবেচনার দাবিতে স্লোগান দিতে থাকেন। সমাবেশে তিন নেতা তাদের পদত্যাগপত্রও প্রদর্শন করেন।

বিক্ষোভ সমাবেশে বক্তব্যকালে নবঘোষিত কমিটির সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক বখতিয়ার মাহমুদ বলেন, “যাদের সভাপতি-সাধারণ সম্পাদক করা হয়েছে, তাদের সিভি দেখুন, আমাদের সিভি দেখুন।

রাজপথের ত্যাগ ও দলীয় কর্মসূচিতে আমাদের অবদান যাচাই করুন। এই কমিটি একটি পকেট কমিটি। ঝিনাইদহের সাধারণ ছাত্রসমাজ এই কমিটি দেখে হতাশ হয়েছে।”

সদ্য ঘোষিত কমিটির সহ-সভাপতি সাইদুর রহমান শাহেদ বলেন, “দীর্ঘদিন আমরা আওয়ামী সরকারের বিরুদ্ধে রাজপথে আন্দোলন করেছি। হামলা, মামলা ও জেল-জুলুমের শিকার হয়েছি। আজ যখন আমাদের দল সরকার গঠন করেছে, তখন দুর্দিনের ত্যাগী নেতাকর্মীদের অবমূল্যায়ন করা হচ্ছে। ষড়যন্ত্র, স্বজনপ্রীতি ও অবৈধ লেনদেনের মাধ্যমে ছাত্রদলের কমিটি গঠন করা হয়েছে।”

তিনি আরও বলেন, “আমরা ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের আদর্শে বিশ্বাসী। সে কারণে আমরা বিশৃঙ্খলার পথে হাঁটিনি। দলীয় শৃঙ্খলা বজায় রেখে গঠনমূলকভাবে ঘোষিত কমিটির বিরুদ্ধে প্রতিবাদ জানাচ্ছি। একই সঙ্গে ঝিনাইদহ জেলা ছাত্রদলের কমিটি পুনর্বিবেচনার জোর দাবি জানাচ্ছি।”

মুজিবনগরে উপজেলা ছাত্রদলের ইফতার ও দোয়া মাহফিল

মুজিবনগর উপজেলা ছাত্রদলের উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার সন্ধ্যায় মুজিবনগর উপজেলা বিএনপির প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত এ ইফতার মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজি।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জেলা ছাত্রদলের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক তফিকুল ইসলাম মিঠুন, বাগোয়ান ইউনিয়ন ছাত্রদলের সাধারণ সম্পাদক বায়েজিদ মোল্লা, যুগ্ম সাধারণ সম্পাদক রিয়াদ শেখ, মুজিবনগর উপজেলা ছাত্রদলের সিনিয়র সহ-সভাপতি ইমরান আলী, মুজিবনগর সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ ছাত্রদলের সভাপতি রাকিব এবং সাধারণ সম্পাদক জাকারিয়া মোল্লা। এছাড়াও স্থানীয় অন্যান্য ছাত্রদলের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

ইফতার ও দোয়া মাহফিলে ছাত্রদল নেতারা একত্রিত হয়ে দেশ ও জাতির কল্যাণ, যুব সমাজের উন্নয়ন ও ঐক্যবদ্ধ থাকার জন্য দোয়া ও আলোচনা করেন।

দামুড়হুদায় ইউনিয়ন ছাত্রদলের ইফতার মাহফিল

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার হাউলি ইউনিয়ন ছাত্রদলের উদ্যোগে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বিকেলে লোকনাথপুর স্কুল প্রাঙ্গণে এই ইফতার মাহফিলের আয়োজন করা হয়।

হাউলি ইউনিয়ন ছাত্রদলের সভাপতি ফারুক হোসাইন বাবুর সভাপতিত্বে অনুষ্ঠিত ইফতার মাহফিলে ইউনিয়ন ছাত্রদলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। এ সময় পবিত্র মাহে রমজানের তাৎপর্য তুলে ধরে দেশ ও জাতির কল্যাণ কামনায় বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়।

অনুষ্ঠানে উপস্থিত বক্তারা বলেন, রমজান মাস মানুষকে সংযম, সহমর্মিতা ও মানবিকতার শিক্ষা দেয়। এ ধরনের আয়োজন পারস্পরিক সৌহার্দ্য ও ভ্রাতৃত্ববোধকে আরও দৃঢ় করে।

ইফতার মাহফিলে স্থানীয় মুসল্লি ও ছাত্রদলের নেতাকর্মীরা অংশগ্রহণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন হাউলি ইউনিয়ন ছাত্রদলের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক তামিম হোসেন, সাংগঠনিক সম্পাদক ফারুক মল্লিক, সহ-সাংগঠনিক সম্পাদক রকিবুল ইসলাম রকিসহ ইউনিয়ন ও বিভিন্ন ওয়ার্ডের ছাত্রদলের নেতাকর্মীরা। দোয়া পরিচালনা করেন মিরাজ আলী।